

ঢাকা জেলার জানুয়ারি/২০২৬ মাসের রাজস্ব সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: রেজাউল করিম  
জেলা প্রশাসক, ঢাকা।  
তারিখ : ২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিঃ।  
সময় : সকাল ১০.৩০ ঘটিকা।  
বিবেচ্য মাস : জানুয়ারি/২০২৬।  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।  
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। আপত্তি পাওয়া না যাওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি রেভিনিউ ডেপুটি কালেক্টরকে আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনার আহবান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহে বিশদ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি: ১

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সংস্থাপন সংক্রান্ত বিষয়াদি	রাজস্ব প্রশাসনে বিভিন্ন পদে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ, শ্রান্তি-বিনোদন ও অবসর, আনুতোষিক, যৌথবীমা, কল্যাণ তহবিল, অগ্রিম উত্তোলন ও ছুটি সংক্রান্ত কোন আবেদন পেভিং নেই। আলোচনান্তে সংস্থাপন বিষয়ক কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়।	১। সরকারি বিধি অনুসরণ পূর্বক কর্মচারীদের বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন করতে হবে। ২। কর্মচারীগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে। ৩। নিয়োগ বিধি অনুযায়ী পদোন্নতি প্রদান করে শূন্য পদ পূরণ করতে হবে। ৪। পদোন্নতি পরবর্তী সময়ে শূন্য পদের বিপরীতে দ্রুত সময়ের মধ্যে নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। সংলাগ ছক- ১ (ক)	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা। ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা। ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।
		যে সকল ইউনিয়ন ভূমি অফিস সমূহ ইতোমধ্যে নতুনভাবে সৃষ্টি হয়েছে সে সকল অফিস সমূহের জনবল সৃজনের জন্য সহকারী কমিশনার (ভূমি) গণ কর্তৃক পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংলাগ ছক- ১ (খ-৬)	
		৩ (তিন) বছরের অধিককাল একই কর্মস্থলে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বদলী/ পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংলাগ ছক- ১ (খ-৬)	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা। ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা।

আলোচ্যসূচি: ২

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ভূমি অফিস সমূহের কর্মতৎপরতা	মাসিক রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা থাকলেও বিবেচ্য মাসে মিরপুর সার্কেল ব্যতিত অন্য কোন সার্কেল হতে মাসিক রাজস্ব সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।	মহানগর রাজস্ব সার্কেল/উপজেলা ভূমি অফিসসমূহে প্রত্যেক মাসে রাজস্ব সম্মেলন করে কার্যবিবরণী প্রতি মাসের ০১ (এক) তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। সংলাগ ছক- ২(ক)	১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

আলোচ্যসূচি: ৩

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
আলোচ্য মাসের উপজেলা ভূমি অফিস/ ভূমি অফিস পরিদর্শন	গতানুগতিক ভাবে বিভিন্ন রাজস্ব সার্কেল/ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন না করে সুনির্দিষ্ট বিষয়ের উপর পর্যালোচনা করে নিজস্ব মতামতসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করা হয়। সভাপতি জানান যে, রাজস্ব সার্কেল ও ভূমি অফিস উমেদারমুক্ত করতে হবে, প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। কর্মরত কর্মচারীদের নিজের কাজ নিজে সম্পাদন করার বিষয়টি গুরুত্বসহকারে পর্যবেক্ষণ করতে হবে। সহকারী কমিশনার (ভূমি)গণ কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে করণীয় কিছু থাকলে তা নথিতে উপস্থাপন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে প্রমাণ অনুযায়ী নিজ কার্যালয়সহ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করতে হবে। ২। পরিদর্শনকালে কমপক্ষে একটি বিষয়ের উপর মন্তব্য/দৃষ্টিভঙ্গি এবং প্রতিনিয়ত সেবার মান উন্নত করার বিষয়ে সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট মতামত থাকতে হবে। সংলাগ: ২ (খ)	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা। ২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

আলোচ্যসূচি: ৪

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	সহকারী কমিশনার (ভূমি), মোহাম্মদপুর, আশুলিয়া, ধামরাই, দোহার, ঢাকা এর কার্যালয়ে যে সকল অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে সে সকল অডিট আপত্তির বক্ষমান জবাব প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)-গণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	সহকারী কমিশনার (ভূমি), মোহাম্মদপুর, আশুলিয়া, ধামরাই, দোহার, ঢাকা এর কার্যালয়ে যে সকল অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে সে সকল আপত্তির বক্ষমান জবাব দ্রুত প্রেরণ করতে হবে। সংলাগ ছক- ৩	রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা ও সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

আলোচ্যসূচি: ৫

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ই-নামজারি ও জমাভাগ কেসের মাসিক বিবরণী	সভায় নামজারি কেস নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। নামজারির ক্ষেত্রে জনসাধারণ যাতে কোনরূপ হয়রানির শিকার না হয় সে দিকে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার অনুরোধ জানানো হয়। নামজারি কেস পেন্ডিং না রেখে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নামজারির আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি এবং নামজারির আবেদন মঞ্জুর হলে হোল্ডিং সৃজনের জন্য নির্দিষ্ট তারিখ দিয়ে আবেদনকারীকে অবগত করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করা হয় এবং নামজারি কেস না-মঞ্জুর করার ক্ষেত্রে আদেশ পত্রে বিস্তারিত উল্লেখ করে না-মঞ্জুর করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সরকারি সম্পত্তি যেন কোন অবস্থাতেই ব্যক্তি মালিকানায় নামজারি হতে না পারে সে বিষয়েও সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়। দলিল দাতার মোবাইল নাম্বার অবশ্যই সংগ্রহ করে সংরক্ষণ করতে হবে। নামজারি মোকদ্দমাসমূহ ক্রমানুসারে নিষ্পত্তি করতে হবে। আংশিক ভিপি/খাস/ পরিত্যক্ত থাকলে ব্যক্তিমালিকানাধীন সম্পত্তি ডিমার্কেশন করে ব্যক্তির সম্পত্তি	১। ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বিধি মোতাবেক নির্ধারিত ২৮ দিনের মধ্যে নামজারির আবেদন সিরিয়াল অনুযায়ী দ্রুত নিষ্পত্তি করতে হবে। ২। সরকারি সম্পত্তি যেন কোন অবস্থাতেই ব্যক্তি মালিকানায় নামজারি হতে না পারে সে বিষয়ে সহকারী কমিশনার (ভূমি)গণকে সতর্ক থাকতে হবে। এ বিষয়ে কোন গাফিলতি বা দুর্নীতির প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ৩। নামজারি জমাভাগ মোকদ্দমার আদেশ সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক লিপিবদ্ধ করতে হবে এবং নামজারি না-মঞ্জুর হলে তা সুস্পষ্ট মতামত সহ না-মঞ্জুরের বিস্তারিত কারণ লিপিবদ্ধ করতে হবে। ৪। আংশিক ভিপি/খাস/পরিত্যক্ত থাকলে ব্যক্তিমালিকানাধীন সম্পত্তি ডিমার্কেশন করে ব্যক্তির সম্পত্তি নামজারি প্রদান করতে হবে। সরকারি অংশ যথাযথভাবে রক্ষা করতে হবে। ৫। আংশিক অধিগ্রহণকৃত ভূমির নামজারির ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর আওতাধীন সকল এলএ কেসের গেজেট সংরক্ষণ করবেন। ৬। কার্যসম্পাদনের প্রয়োজনে এলএ কেসের অবমুক্তির ছাড়পত্র এবং আংশিক এলএ কেসের অ্যাওয়ার্ড বহির তথ্য সরবরাহের বিষয়ে সহকারী কমিশনারগণ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকায় পত্র প্রেরণ করবেন। ৭। ভূমি মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে প্রত্যাশী সংস্থার নামে নামজারি শতভাগ নিশ্চিত করতে হবে। (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট এসিল্যান্ড ও এলএ শাখার সার্ভেয়ার সমন্বয় করে পেন্টাগ্রাফ করবে)। ৮। ই-নামজারী না মঞ্জুরের সকল কারণ সুস্পষ্টভাবে আদেশে লিখতে হবে। ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। অন্যথায় এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি)-গণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। ১০। মঞ্জুরযোগ্য নামজারি শুধুমাত্র কারিগরি ত্রুটি ব্যতীত কোনভাবেই না-	সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

KS

নামজারি প্রদান করতে হবে। নামজারি করার ক্ষেত্রে দলিল যাচাইয়ের প্রয়োজন হলে সাবরেজিস্ট্রি অফিসের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় প্রমাণক সংগ্রহ করতে হবে।	মঞ্জুর করা যাবে না। ১১। মূল খতিয়ান এবং নামজারী খতিয়ান যথাযথ ভাবে যাচাই করে অনলাইনে এন্ট্রি করতে হবে।	সংলাগ ছক- ৪
---	---	-------------

আলোচ্যসূচি: ৬

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২০২৫-২০২৬ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবী ও আদায় (সাধারণ)	লক্ষ্যমাত্রা অনুযায়ী ভূমি উন্নয়ন কর আদায় করার নির্দেশনা প্রদান করা হয়। যে সকল সার্কেল/উপজেলা ভূমি অফিসসমূহে বিগত অর্থ বছরে ভূমি উন্নয়ন কর অনাদায়ী রয়েছে, সে সকল সার্কেল/উপজেলা ভূমি অফিস সমূহে বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের নিমিত্ত রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা দায়ের করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণ-কে নির্দেশনা প্রদান করা হয় এবং ভূমি উন্নয়ন করের দাবীর সাথে রেজিস্টারে মিল থাকতে হবে মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের নিমিত্ত বিভিন্ন প্রচার, মাইকিং, লিফলেট বিতরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করা হয়। যে সকল সার্কেল/ উপজেলায় ভূমি উন্নয়ন কর আদায়ের হার ৭০% এর উপরে সে সকল সহকারী কমিশনার (ভূমি)-গণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	১। যে সকল সার্কেল/উপজেলা ভূমি অফিসে ভূমি উন্নয়ন কর অনাদায়ী রয়েছে; সে সকল সার্কেল/উপজেলা ভূমি অফিসে বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের নিমিত্ত প্রত্যেক সহকারী কমিশনার (ভূমি) গণকে রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে (বিভিন্ন মাধ্যমে প্রচার, মাইকিং, লিফলেট বিতরণসহ সকল কার্যক্রম গ্রহণ করতে হবে)। ৩। ভূমি উন্নয়ন কর (সাধারণ) আদায়ের ক্ষেত্রে বড় বড় অনাদায়ীকে নোটিশ করতে হবে। ৪। ভূমি উন্নয়ন কর আদায়ের স্বার্থে নিবন্ধিত মোবাইল নম্বরে ফোন বা ক্ষুদ্রে বার্তা পাঠাতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।
		সংলাগ ছক- ৫ (ক)	
		সহকারী কমিশনার (ভূমি) গণ কর্তৃক ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে নিবন্ধনকৃত মোবাইল নম্বর সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা।
		সংলাগ ছক- ৫ (ক)	
		ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রম মনিটরিং করার জন্য কানুনগোগণ-কে মাঠ পর্যায়ে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণের কার্যক্রম তদারকি করতে হবে।	কানুনগো (সকল), ঢাকা।
		সংলাগ ছক- ৫ (ক)	
		১। অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির লক্ষ্যে যারা এখনো অনলাইনে নিবন্ধন করেননি তাদেরকে দ্রুত নিবন্ধনের আওতায় নিয়ে আসতে হবে। ২। ভূমি অফিসের ভূমি উন্নয়ন কর বৃদ্ধিতে সহকারী কমিশনার (ভূমি)-গণকে আরো মনোযোগী হয়ে সকল ধরনের কার্যক্রম গ্রহণ করতে হবে। ৩। যে সকল সার্কেল/উপজেলা ভূমি অফিসে ৭০% এর নিচে তাদেরকে ৭০% এর উপরে আদায়ের হার বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা। ও ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তাগণ।
		সংলাগ ছক- ৫ (ক)	

আলোচ্যসূচি: ৭

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২০২৫-২০২৬ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবী ও আদায় (সংস্থা)	সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি সংস্থার ভূমি উন্নয়ন কর বাবদ অনাদায়ী টাকা আদায়ের লক্ষ্যে সংস্থা প্রধানদের নিকট পত্র প্রেরণ পূর্বক জেলা প্রশাসকের কার্যালয়ে অনুলিপি প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন এবং সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে সংস্থা প্রধানদের সাথে ফোনালাপ ও পত্রযোগে এবং ব্যক্তিগত যোগাযোগের অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন।	১। সংস্থাভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে প্রত্যেক সংস্থাকে পত্র দিতে হবে এবং প্রয়োজনে সংস্থা প্রধানদের সাথে ফোনালাপ ও পত্রযোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২। সকল সংস্থার ভূমি উন্নয়ন করের দাবী সর্বশেষ রেকর্ড মোতাবেক আদায় করতে হবে। ৩। সংস্থার ভূমি উন্নয়ন করের বিষয়ে মন্ত্রণালয় ভিত্তিক সংস্থার দাবী প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে পত্র প্রেরণ নিশ্চিত এবং বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করতে হবে। ৪। সংস্থার ভূমি উন্নয়ন আদায় কর বিষয়ে নিবন্ধন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার একজন প্রতিনিধির NID, মোবাইল নম্বর চেয়ে পত্র প্রেরণ করতে হবে। ৫। সহকারী কমিশনার (ভূমি), রমনা, মিরপুর ও ধামরাই, ঢাকা কার্যালয়ের সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা ও রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা।
		সংলাগ ছক- ৫ (খ)	

আলোচ্যসূচি: ৮

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সহকারী কমিশনার (ভূমি) গণ কর্তৃক মিসকেসের বিবরণী	সভায় মিস কেস নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মিস কেস দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভাপতি সভায় বিস্তারিত আলোকপাত করেন। অনিষ্পন্ন মিস কেস প্রয়োজনে সপ্তাহে ০৩ (তিন) দিন শুনানী গ্রহণ করে দায়েরের চেয়ে নিষ্পত্তির হার দ্রুত বৃদ্ধি করার জন্য সহকারী কমিশনার (ভূমি)-গণকে নির্দেশনা প্রদান করা হয়। যদি কোন মিস কেস না-মঞ্জুর করা হয় সেক্ষেত্রে মিস কেসটি না-মঞ্জুরের বিস্তারিত কারণ আদেশ নামায় বিশদ বিবরণ নিজ হাতে লিখার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে আহ্বান জানান। তিনি আরো অবহিত করেন যে, আদেশ পড়লেই যাতে বোঝা যায় সহকারী কমিশনার (ভূমি)-গণ ভূমি সম্পর্কে কতটা আত্মস্থ হতে পেরেছেন।	১। মিস কেসের শুনানীর ১ম তারিখেই নোটিশ জারি, প্রতিবেদন ও ইনফরমেশন শ্লিপ (প্রযোজ্য ক্ষেত্রে) এর আদেশ প্রদান করতে হবে। ২। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে পরবর্তী শুনানীর পূর্বেই মিস কেসের প্রতিবেদন গ্রহণ নিশ্চিত করতে হবে। ব্যর্থতায় উক্ত কর্মকর্তাকে কারণ দর্শাতে হবে। ৩। অনিষ্পন্ন মিসকেস প্রয়োজনে সপ্তাহে ০২ (দুই) দিনের পরিবর্তে ০৩ (তিন) দিন শুনানী গ্রহণ করে দায়েরের চেয়ে নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। ৪। মিসকেসে বিবাদী পক্ষের নোটিশ প্রাপ্তি নিশ্চিত করতে হবে। ৫। যে সকল মিসকেস ২-৩ বছরের উর্ধ্বে ও বিবাদী সরকারি সংস্থা সে সকল সংস্থাকে পর পর কয়েকটি নোটিশ করতে হবে এবং জবাব না পাওয়া গেলে বিষয়ের উপর ভিত্তি করে তা নিষ্পত্তি করতে হবে। ৬। বিজ্ঞ আইনজীবী কর্তৃক বারং বার সময় আবেদন করলে মিসকেস দ্রুত নিষ্পত্তির স্বার্থে তা আইন অনুযায়ী বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭। তামাদির জন্য যে সকল নথি বাতিল হয়েছে তা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। একবার কোন কেস রিভিউ হলে তা ২য় বার রিভিউ করা যাবে না। ৮। মিস কেস শুনানী অন্তে বাদী/বিবাদীগণের উপস্থিতিতে উন্মুক্ত কোর্টে জনসম্মুখে সংক্ষিপ্ত রায় ঘোষণা করতে হবে।	বাস্তবায়নকারী রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা

সংলাগ ছক- ৬

আলোচ্যসূচি: ৯

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
হাটবাজারের পেরী-ফেরী সংক্রান্ত	সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা যে সকল হাট-বাজারের পেরীফেরীর প্রস্তাব পাওয়া গেছে তা দ্রুততম সময়ের মধ্যে নথিতে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভায় সভাপতি হাট-বাজারের অভ্যন্তরে ব্যক্তি মালিকানার সম্পত্তি থাকলে হাট-বাজার পেরীফেরীর নকশায় তা ভিন্ন কালিতে চিহ্নিত করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া হাট-বাজারের ইজারা লব্ধ টাকা সঠিক খাতে ব্যয় করা হচ্ছে কিনা তার তথ্য ছক আকারে প্রেরণ এবং হাট বাজার ব্যবস্থাপনা নীতিমালার আলোকে হাট-বাজার ইজারা দেয়ার প্রক্রিয়া শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করা হয়।	১। পেরীফেরী বিহীন হাট বাজারের সংখ্যা যাচাই অন্তে সঠিক তথ্য প্রদান করবেন। ২। হাট-বাজার ইজারা বিহীন থাকলে খাস আদায়ের পরিমাণ পৃথক কলামে উল্লেখ করতে হবে। ৩। হাট-বাজারের ইজারা লব্ধ টাকা সঠিক খাতে ব্যয় করা হচ্ছে কিনা তার তথ্য ছক আকারে প্রেরণ করতে হবে। ৪। হাট-বাজারের অভ্যন্তরে ব্যক্তি মালিকানার সম্পত্তি থাকলে হাট-বাজার পেরীফেরীর নকশায় ভিন্ন কালিতে চিহ্নিত করতে হবে। ৫। চান্দিনা ভিটির স্পষ্ট তথ্য ছক আকারে চিত্রসহ প্রেরণ করতে হবে। চান্দিনা ভিটির লীজ নবায়ন হয়েছে কিনা; না হয়ে থাকলে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। পেরিফেরিভুক্ত হাট বাজারসমূহ ব্যবস্থাপনা নীতিমালার আলোকে সকল হাট-বাজার ইজারা প্রদানের বিষয়ে দ্রুত সময়ের মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭। যে হাট-বাজার পেরিফেরি করা হয়নি তা পেরিফেরি করতে হবে। ৮। ইজারা বিহীন হাট বাজারের বিস্তারিত তথ্য আগামী সভার পূর্বে প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা। ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

সংলাগ ছক- ৭

আলোচ্যসূচি: ১০

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
জলমহাল সংক্রান্ত	২০ একরের নিচে জলমহাল সমূহ ইজারা না হওয়ার কারণ উল্লেখ করে প্রতিবেদন দেয়ার জন্য ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসারগণকে পত্র দেয়া হয়েছে। জলমহাল সমূহ ইজারা না হওয়ার কারণ উল্লেখ করে	১। যে সকল জলমহাল ভরাত হয়ে গেছে সে সকল জলমহালের বাস্তব অবস্থার প্রকৃত চিত্র এবং রেকর্ডীয় বিবরণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)গণকে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। ২০ একরের উর্ধ্বে এবং ২০ একরের নিচে সংশ্লিষ্ট কার্যালয়ের	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা। ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা।

<p>প্রতিবেদন দেয়ার জন্য সভায় পুনরায় তাগিদ দেয়া হয়। প্রত্যেকটি জলমহালের প্রোফাইল তৈরি করে বিধি মোতাবেক ইজারা দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার গণ-কে পরামর্শ প্রদান করা হয়। অ-ইজারাকৃত জলমহাল বিধি মোতাবেক ইজারা না হওয়া পর্যন্ত খাস আদায় অব্যাহত রাখার জন্য এবং ছক আকারে পরিসংখ্যান প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণকে পরামর্শ প্রদান করা হয়।</p>	<p>জলমহাল বিধি মোতাবেক দ্রুত সময়ের মধ্যে ইজারা না হওয়া পর্যন্ত খাস আদায় অব্যাহত রাখতে হবে। ৩। ২০ একরের উর্ধ্বে বা নিম্নে যে সকল জলমহালে পানি নেই বা ড্রাট হয়ে গেছে অর্থাৎ মাছ চাষের অনুপযোগী সে সকল জলমহাল মৎস চাষের উপযোগী করার নিমিত্ত পুনঃখননের জন্য গণপূর্ত অধিদপ্তর, জেলা কৃষি কর্মকর্তা এবং জেলা মৎস্য কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে। ৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও মহানগরের সহকারী কমিশনার (ভূমি) গণ খননযোগ্য জলমহালের তালিকা প্রেরণ করবেন।</p>	<p>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।</p>
--	---	--

সংলাগ ছক- ৮

আলোচ্যসূচি: ১১

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত</p>	<p>ঢাকা জেলায় মোট পরিত্যক্ত জমির পরিমাণ ৩৬২.৫৫৪৬ একর যার ইজারাকৃত জমির পরিমাণ ২৪.৬৮০৭৩ একর। ইজারাকৃত জমির পরিমাণ কম হওয়ায় সভাপতি মহোদয় অবশিষ্ট জমি কি অবস্থায় রয়েছে তা সরেজমিন তদন্ত ও রেকর্ডপত্র পর্যালোচনা পূর্বক আগামী সভার পূর্বে সহকারী কমিশনার (ভূমি), মোহাম্মদপুর রাজস্ব সার্কেল, ঢাকাকে প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা করেন।</p>	<p>১। মোহাম্মদপুরের পরিত্যক্ত সম্পত্তির বিষয়ে সরেজমিনে তদন্ত করে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) প্রতিবেদন প্রেরণ করবেন। ২। পরিত্যক্ত সম্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে নোটিশ প্রদান করতে হবে।</p>	<p>১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা ২। সহকারী কমিশনার (ভূমি), মোহাম্মদপুর রাজস্ব সার্কেল, ঢাকা</p>

সংলাগ ছক- ৯

আলোচ্যসূচি: ১২

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>অর্পিত সম্পত্তি সংক্রান্ত</p>	<p>অর্পিত সম্পত্তির অবমুক্তি এবং ভিপি আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় আইন-৪, অধিশাখা ভূমি মন্ত্রণালয় হতে ০৩/১২/২০১৯ খ্রি: তারিখ ৩১.০০.০০০০.০৪৫.৫৩. ০০২.১৬.৬১৯ নং স্মারক মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী অর্পিত সম্পত্তির অস্থায়ী ইজারার সালামির হার পুনঃনির্ধারণ করার জন্য নির্দেশ প্রদান করেন। সভায় সভাপতি মহোদয় আরও নির্দেশ প্রদান করেন যে, উক্ত পরিপত্র অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে নতুন করে ঢাকা মহানগরসহ উপজেলা পর্যায়ে ঢাকা জেলার অর্পিত সম্পত্তির দাবী পুনঃনির্ধারণ করতে হবে এবং ইতোমধ্যে যেসকল লীজ গ্রহীতা লীজ মানি প্রদান করেছেন সেসকল লীজ গ্রহীতাদের পুনরায় নোটিশ দিয়ে পুনঃনির্ধারিত হারে লীজ মানি আদায় করতে হবে। এ বিষয়ে সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জানান, ঢাকা মহানগরী এবং উপজেলাতে কি পরিমাণ অর্পিত সম্পত্তি রয়েছে, কতটুকু সম্পত্তি লিজ নবায়ন করা হয়ে থাকে, কতটুকু সম্পত্তি নিয়ে অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনালে মামলা রয়েছে এবং কতটুকু সম্পত্তি নিয়ে কোন মামলা নেই, সরকারের দখল নেই ও কোন লিজ নবায়ন হচ্ছে না, এ বিষয়ে সমন্বিত তথ্যাদি প্রস্তুত করা প্রয়োজন।</p>	<p>১। অদাবীকৃত/দাবীদার বিহীন অর্পিত সম্পত্তি ১ক নং খতিয়ানে অন্তর্ভুক্ত এবং ব্লাইডে ছক আকারে দেখাতে হবে। এছাড়া দখলকৃত সম্পত্তিতে সীমানা প্রাচীর, কাটাতারের বেড়া ও গাছ লাগাতে হবে। ২। ঢাকা মহানগরসহ উপজেলা পর্যায়ে ভিপি আদায় দ্রুত বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক ভিপি নথির উপর নোটিশ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। অদাবীকৃত 'খ' তফসিলভুক্ত ভূমি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ৯২ নং ধারায় খাস করার প্রস্তাব করতে হবে।</p>	<p>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা। ২। সিনিয়র সহকারী কমিশনার, অর্পিত সম্পত্তি শাখা, ঢাকা। ৩। সহকারী কমিশনার (ভূমি), সাভার/খামরাই/কেরাণীগঞ্জ/নবাবগঞ্জ/দোহার/আশুলিয়া/আমিনবাজার, ঢাকা।</p>
		<p>সংলাগ ছক- ১০</p> <p>দীর্ঘদিন যাবৎ যে সকল লীজ গ্রহীতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লীজ গ্রহীতাকে নোটিশ প্রদান পূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লীজ বাতিল করে নতুন ভাবে লীজ প্রদান করে লীজমানি আদায় বৃদ্ধি করতে হবে।</p>	<p>১। সিনিয়র সহকারী কমিশনার, অর্পিত সম্পত্তি শাখা, ঢাকা। ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।</p>
		<p>সংলাগ ছক- ১০</p> <p>ঢাকা মহানগরী এবং উপজেলাতে কি পরিমাণ অর্পিত সম্পত্তি রয়েছে, কতটুকু সম্পত্তি লিজ নবায়ন করা হয়ে থাকে, কতটুকু সম্পত্তি নিয়ে অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনালে মামলা রয়েছে এবং কতটুকু সম্পত্তি নিয়ে কোন মামলা নেই, সরকারের দখল নেই ও কোন লিজ নবায়ন হচ্ছে না, এ বিষয়ে সমন্বিত তথ্যাদি প্রস্তুত করতে হবে।</p>	<p>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা। ২। সিনিয়র সহকারী কমিশনার, অর্পিত সম্পত্তি শাখা, ঢাকা। ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।</p>

আলোচ্যসূচি: ১৩

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর আওতায় দায়েরকৃত মামলার বিবরণী ("ক" তফসিল)	অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর আওতায় ("ক" তফসিল) ঢাকা জেলায় মোট মামলার সংখ্যা ৪১৯৬ টি। জানুয়ারি/২৫ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৫ টি এবং ৪১৯১ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। তিনি আরো জানান যে, ট্রাইব্যুনালে যে সকল মামলার রায় হয় সে সকল মামলার তথ্য সঠিক সময়ে পাওয়া যায় না। ফলে নির্ধারিত সময়ে মামলার আপীল করা যায় না। সভাপতি মহোদয় ভারপ্রাপ্ত কর্মকর্তা, অর্পিত সম্পত্তি শাখা ও সহকারী কমিশনার (ভূমি) গণকে নিজ উদ্যোগে ট্রাইব্যুনালে যে সকল মামলার রায় হয় সে সকল মামলার তথ্য বিজ্ঞ কৌশলির কার্যালয় হতে সংগ্রহ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি অনিষ্পন্ন মামলা গুলো ভিপি কৌশলিগণের মাধ্যমে যথাসময়ে পরিচালনা করে দ্রুত নিষ্পত্তি ও সরকারের বিপক্ষে রায় হলে তাৎক্ষণিক আপীল দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সহকারী কমিশনার (ভূমি) গণকে এসএফ প্রস্তুতের সময় সিএস, এসএ, আরএস ও সিটি জরিপসহ পর্যাপ্ত তথ্য সংকলন করে জমির শ্রেণী উল্লেখ করে এসএফ এর জবাব প্রস্তুত পূর্বক প্রেরণ করার জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হয়। এছাড়া ঢাকা মহানগরে ভিপি মামলার বিষয়ে ভিপি শাখায় কর্মরত সার্ভেয়ার এবং উপজেলায় পর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে আদালতে সাক্ষ্য দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (অর্পিত সম্পত্তি) শাখাকে নির্দেশনা প্রদান করা হয়। এতদ্ব্যতীত ট্রাইব্যুনালে যে সকল মামলার রায় হয় সে সকল মামলার তথ্য বিজ্ঞ সরকারি কৌশলির কার্যালয় হতে নিজ উদ্যোগে সংগ্রহ করার জন্য সিনিয়র সহকারী কমিশনার, অর্পিত সম্পত্তি শাখাকে পরামর্শ প্রদান করা হয়।	১। অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনাল/আপিল ট্রাইব্যুনাল আদালতে সরকারের অনুকূলে কোন মামলা রায় হলে চিঠি ব্যতীত দখলে যাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ২৬ ধারার বিধান অনুযায়ী আবেদনের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করা না হলে বা নির্ধারিত সময়ের মধ্যে আপীল দায়ের না হলে বা আপীলে দাবী প্রমাণিত না হলে অ-দাবীকৃত/অপ্রমাণিত অর্পিত সম্পত্তি সরকারি সম্পত্তি হিসেবে ১ক নং খতিয়ানে অন্তর্ভুক্ত করণের নিমিত্ত সহকারী কমিশনার (ভূমি) গণকে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। ৩। বিজ্ঞ আদালতে চলমান অনিষ্পন্ন মামলাগুলো ভিপি কৌশলিগণের মাধ্যমে যথাসময়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার নিমিত্ত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। সিএস, এসএ, আরএস ও সিটি জরিপসহ পর্যাপ্ত তথ্য সংকলন করে জমির শ্রেণী উল্লেখ করে এসএফ এর জবাব প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে। ৫। ঢাকা মহানগরে ভিপি মামলার বিষয়ে ভিপি শাখায় কর্মরত সার্ভেয়ার এবং উপজেলায় পর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে আদালতে সাক্ষ্য দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৬। ট্রাইব্যুনালে যে সকল মামলার রায় হয় সে সকল মামলার তথ্য বিজ্ঞ ভিপি কৌশলির কার্যালয় হতে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে। সংলাগ ছক- ১১ (ক-গ)	১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা। ২। সিনিয়র সহকারী কমিশনার, অর্পিত সম্পত্তি শাখা, ঢাকা। ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

আলোচ্যসূচি: ১৪

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
রেকর্ডরুম	সভায় খতিয়ান সরবরাহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা সভায় রেকর্ডরুম ডেপুটি কালেক্টরের দৃষ্টি আকর্ষণ করে বলেন জনসাধারণ কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে যাতে খতিয়ান সরবরাহ করা হয় সে বিষয়ে রেকর্ডরুম ডেপুটি কালেক্টরকে নির্দেশনা প্রদান করা হয়। তিনি জাল-খতিয়ানের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার অনুরোধ জানান। চাহিত খতিয়ান সরবরাহ করা না গেলে তা আবেদনকারীকে দ্রুত জানিয়ে দেয়ার অনুরোধ করা হয়। ই-সার্ভিস/ইন্টারনেটের মাধ্যমে খতিয়ান সরবরাহের আবেদন পাওয়া গেলে তা দ্রুত নিষ্পত্তি করে সংশ্লিষ্ট আবেদনকারীকে সরবরাহের অনুরোধ জানানো হয়।	১। জাল খতিয়ানের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। ২। আবেদনকারী কর্তৃক চাহিত খতিয়ান সরবরাহ করা না গেলে দ্রুত জানিয়ে দিতে হবে। ৩। ম্যানুয়াল ভাবে পর্চার আবেদন গ্রহণ করা যাবে না এবং শতভাগ অনলাইনে আবেদন গ্রহণ নিশ্চিত করতে হবে। ৪। দৈনিক প্রাপ্ত আবেদনের বিপরীতে খতিয়ান সরবরাহ করতে হবে এবং সিরিয়াল অনুযায়ী খতিয়ান বিতরণ নিশ্চিত করতে হবে। ৫। ডিএলআর অফিস থেকে যে সকল ম্যাপ ডিজিটাল স্ক্যান করা নাই তা সংগ্রহের জন্য চিঠি দিতে হবে।	বাস্তবায়নকারী রেকর্ডরুম ডেপুটি কালেক্টর, ঢাকা।

আলোচ্যসূচি: ১৫

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
রেন্ট সার্টিফিকেট সংক্রান্ত	জানুয়ারি/২৫ মাসে ঢাকা জেলায় রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার সংখ্যা ৫৮৬ টি এবং মোট	১। রেন্ট সার্টিফিকেট দায়েরের পর উক্ত মামলা দ্রুত নিষ্পত্তি করার জোড়ালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। যে সকল ভূমি উন্নয়ন কর অনাদায়ী থাকবে তা আদায় করার জন্য রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং প্রতিবেদনে জোতের সংখ্যা উল্লেখ করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা

৩২ টি রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তি হয়েছে।	৩। সার্টিফিকেট মামলা দায়েরের পর তা নিষ্পত্তি করার বিষয়ে দ্রুততম সময়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করার পাশাপাশি প্রয়োজনে আইনানুগভাবে সম্পত্তি ক্রোকের মাধ্যমে পাওনা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪। দীর্ঘদিনের পেন্ডিং রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ হতে বর্তমান অবস্থা যাচাইপূর্বক প্রতিবেদন গ্রহণ করে সহকারী কমিশনার (ভূমি)-গণ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। ৫। অবিলম্বে বড় বড় অনাদায়ী খাতকের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে। ৬। গত অর্ধবছরে দায়েরকৃত সকল রেন্ট সার্টিফিকেট মামলা শতভাগ নিষ্পত্তি করতে হবে। ৭। রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরযোগ্য হোল্ডিং চিহ্নিত করে ভূমি সহকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করবেন।	সংলাগ ছক- ১২
---	--	--------------

আলোচ্যসূচি: ১৬

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
জেনারেল সার্টিফিকেট মামলা	সভায় জেনারেল সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়। উপজেলা নির্বাহী অফিসারগণ ও জেনারেল সার্টিফিকেট অফিসারকে গুরুত্ব দিয়ে নিয়মিত কজলিস্ট দেখে সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তি করে নিষ্পত্তির হার বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া কেস ডায়েরী অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেন। কেস ডায়েরী অনুযায়ী নির্ধারিত তারিখে মামলা উপস্থাপন করা হচ্ছে কিনা সে বিষয়ে তদারকি করারও পরামর্শ প্রদান করা হয়। সাভার উপজেলায় মামলার নিষ্পত্তি না হওয়ায় নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	১। গুরুত্ব দিয়ে নিয়মিত কজলিস্ট দেখে সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির হার বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। ২। কেস ডায়েরী অনুযায়ী নির্ধারিত তারিখে মামলা উপস্থাপন করা হচ্ছে কিনা সে বিষয়ে তদারকি করতে হবে। ৩। সকল উপজেলায় কজ-লিস্ট অনুযায়ী সপ্তাহে নির্দিষ্ট ১ দিন শুনানীর জন্য নির্ধারণ করতে হবে। ৪। নিষ্পত্তির হার বাড়াতে হবে। শুনানী গ্রহণের ক্ষেত্রে স্বল্প সময়ে নোটিশ প্রদান করতে হবে। ৫। তামিলযোগ্য warrant এর তথ্য আইন শৃঙ্খলা মিটিং এ উপস্থাপন করতে হবে। ৬। সাভার উপজেলায় মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা। ৩। জেনারেল সার্টিফিকেট অফিসার, ঢাকা।

আলোচ্যসূচি: ১৭

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা এর আদালতে মিস আপীল ও বিবিধ মামলা	বর্তমানে ০৪ (চার) জন অতিরিক্ত জেলা প্রশাসক মিস মামলার শুনানী গ্রহণ পূর্বক নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করছেন। মিস আপীল মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি সভায় জানান যে, মিস আপীল মামলা দায়েরের তুলনায় নিষ্পত্তির হার বাড়াতে হবে। সভাপতি আরও জানান মিস আপীল মামলার আদেশ দেয়ার সময় সর্বশেষ তফসীল আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। তিনি রাজস্ব আদালতে অনিষ্পন্ন মিস আপীল মামলাগুলো দ্রুত নিষ্পত্তির ব্যাপারে মামলা দায়েরের সাথে সামঞ্জস্য রেখে মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা সহ সংশ্লিষ্ট সকল অতিরিক্ত জেলা প্রশাসক গণ-কে অনুরোধ জানান।	১। মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সকল সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। দীর্ঘ সময় ধরে চলমান মিস আপীল মামলা সমূহ শুনানির সংক্ষিপ্ত সময় দিয়ে অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করতে হবে। ৩। বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরিত তথ্য ছক পরবর্তী মাসিক রাজস্ব সভার স্লাইডে অর্ন্তভুক্ত করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা। ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।

আলোচ্যসূচি: ১৮

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
দলিল অবমূল্যায়ন মামলা	সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে রেজিস্ট্রিকৃত দলিলে জমির মূল্য অবমূল্যায়ন সংক্রান্ত মামলা সমূহ মাসওয়ারী লক্ষ্য নির্ধারণের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করার জন্য সহকারী কমিশনার, দলিল অবমূল্যায়ন শাখা, ঢাকাকে অনুরোধ জানানো হয়। প্রয়োজনে প্রাপকের সঠিক নাম, ঠিকানা দেয়ার জন্য সাব-রেজিস্ট্রারকে পত্র দেয়ার পরামর্শ প্রদান করা হয়। প্রাপকের ঠিকানা মোতাবেক জারীকারকের মাধ্যমে নোটিশ জারী করার জন্য	১। সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারী লক্ষ্য নির্ধারণের মাধ্যমে পেন্ডিং মামলা সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ২। প্রাপকের সঠিক নাম, ঠিকানা প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রারকে পত্র প্রেরণ করতে হবে। ৩। সাব-রেজিস্ট্রার কর্তৃক দলিলের সঠিক নাম ও ঠিকানা প্রেরণ করা না হলে উক্ত	সহকারী কমিশনার, দলিল অবমূল্যায়ন শাখা, ঢাকা।



<p>সহকারী কমিশনার, দলিল অবমূল্যায়ন শাখাকে অনুরোধ জানান। অতঃপর নোটিশ জারী অস্ত্রে সংশ্লিষ্ট ঠিকানায় প্রাপককে পাওয়া না গেলে মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়। সাব-রেজিস্ট্রার কর্তৃক দলিলের সঠিক নাম ও ঠিকানা প্রেরণ করা না হলে এবং উক্ত মামলা নিষ্পত্তিতে সরকারি রাজস্ব ক্ষতি হলে তার বিবরণ উল্লেখ করে অর্থ মন্ত্রণালয়কে পত্রের মাধ্যমে জানিয়ে দেয়ার পরামর্শ প্রদান করা হয়। এছাড়া সরকারি রাজস্ব আদায়ের নিমিত্ত প্রয়োজনে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য সহকারী কমিশনার, দলিল অবমূল্যায়ন শাখা, ঢাকা-কে নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>মামলা নিষ্পত্তিতে সরকারি রাজস্ব ক্ষতি হলে তার বিবরণ উল্লেখ পূর্বক অর্থ মন্ত্রণালয়কে পত্রের মাধ্যমে জানাতে হবে। সংলাগ ছক- ১৫</p>	<p>১। সরকারি রাজস্ব আদায়ের নিমিত্ত প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে। ২। অনিষ্পন্নকৃত মামলা সমূহ দ্রুত নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংলাগ ছক- ১৫</p> <p>১। জেনারেল সার্টিফিকেট অফিসার, ঢাকা ২। সহকারী কমিশনার, দলিল অবমূল্যায়ন শাখা, ঢাকা।</p>
---	---	--

আলোচ্যসূচি: ১৯

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>(ক) বিভিন্ন আদালতে নিষ্পত্তিকৃত/অনিষ্পত্তিকৃত দেওয়ানী মামলার বিবরণী (খ) খাস জমি সংক্রান্ত দেওয়ানী মামলার বিবরণী</p>	<p>সরকারি স্বার্থ সংশ্লিষ্ট দেওয়ানী মামলার তথ্য সরকারি কৌশলির কার্যালয়/সংশ্লিষ্ট দেওয়ানী আদালত হতে সংগ্রহ পূর্বক প্রতিটি মামলার জন্য পৃথক নথি সৃজন করে উক্ত নথিতে মামলা সংশ্লিষ্ট আরজি, এসএফ, বিজ্ঞ জিপির জবাব ও নিম্ন আদালতের রায়ের কপি সহ সকল তথ্য সংরক্ষণ করার জন্য ও পরামর্শ প্রদান করা হয়; যাতে ভবিষ্যতে মামলার ধারাবাহিকতা খুঁজে পাওয়া যায়। সরকারের পক্ষে রায় হওয়া মামলার তফসিলভুক্ত জমি সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণের মাধ্যমে সরকারের নিয়ন্ত্রণে আনার পরামর্শ প্রদান করা হয়। এছাড়া যে সকল মামলা সরকারের বিরুদ্ধে রায় হবে তাৎক্ষণিক উক্ত মামলায় আপীল করতে হবে এবং যথা সময়ে আপীল হলো কি-না; সে-বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে। এছাড়া কোন মামলায় আদালতে সরকার পক্ষে সাক্ষ্য দেয়ার পূর্বে পর্যাপ্ত তথ্য নিয়ে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে আদালতে যেতে হবে। আদালতে সাক্ষ্য দেয়ার পূর্বে কোন মামলায় সাক্ষ্য দিতে যাচ্ছেন; সে বিষয়ে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে বিস্তারিতভাবে সহকারী কমিশনার, আর.এম শাখাকে অবহিত করে যাওয়ার পরামর্শ প্রদান করা হয়। সভায় সভাপতি আদালতে যেসব মামলা নিষ্পত্তি হয়েছে সে সকল মামলার আদেশের কপি যাচাই এবং বিজ্ঞ সরকারি কৌশলি প্রতি মাসে যে রিপোর্ট দাখিল করেন তা রায়ের কপি সহ সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>১। দেওয়ানী মোকদ্দমা সমূহের বিষয়ে বিজ্ঞ জিপি, অতিরিক্ত জিপি এবং সহকারী জিপি-গণকে নিয়ে আলাদা সভার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট দেওয়ানী মামলার তথ্য সরকারি কৌশলির কার্যালয়/সংশ্লিষ্ট দেওয়ানী আদালত হতে সংগ্রহ পূর্বক প্রতিটি মামলার জন্য পৃথক নথি সৃজন করে উক্ত নথিতে মামলা সংশ্লিষ্ট আরজি, এসএফ, বিজ্ঞ জিপির জবাব ও নিম্ন আদালতের রায়ের কপি সহ সকল তথ্য সংরক্ষণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন; যাতে ভবিষ্যতে মামলার ধারাবাহিকতা খুঁজে পাওয়া যায়। সংলাগ ছক- ১৬ (ক) ও (খ)</p> <p>১। সরকারের পক্ষে রায় হওয়া মামলার তফসিলভুক্ত জমির তথ্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, আরএম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা দ্রুত সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)র মাধ্যমে সরকারের নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আরএম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার বিরুদ্ধে দ্রুত আপীল করা এবং যথাসময়ে আপীল হলো কি-না; সে-বিষয়ে তথ্য সংগ্রহ নিশ্চিত করবেন। ৩। আদালতে যেসব মামলা নিষ্পত্তি হয়েছে সেসকল মামলার আদেশের কপি পড়ে দেখতে হবে এবং বিজ্ঞ সরকারি কৌশলি প্রতি মাসে যে রিপোর্ট দাখিল করেন তা রায়ের কপি সহ সংরক্ষণ করতে হবে। ৪। আপিলের রায় সরকারের পক্ষে আসলে জমির তফসিলের তথ্য জিপির সাথে সমন্বয় করে আর.এম শাখার মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি)গণকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। সংলাগ ছক- ১৬ (ক) ও (খ)</p> <p>১। এস.এফ তৈরী করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্রসহ বিস্তারিত তথ্য প্রেরণ করতে হবে। ২। রিট মোকদ্দমার জবাব দ্রুত প্রেরণ করতে হবে। ৩। ১৯ টি রাজস্ব সার্কেল/উপজেলা ভূমি অফিসের দেওয়ানী মামলার তথ্য সংগ্রহের নিমিত্ত ১৯ টি রেজিস্টার ব্যবহার করতে হবে। সংলাগ ছক- ১৬ (ক) ও (খ)</p>	<p>বাস্তবায়নকারী</p> <p>১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা। ২। সহকারী কমিশনার, আর.এম শাখা, ঢাকা।</p> <p>১। বিজ্ঞ সরকারি কৌশলি, ঢাকা। ২। সিনিয়র সহকারী কমিশনার, আর.এম শাখা, ঢাকা। ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।</p> <p>১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেভিনিউ মুন্সিখানা শাখা ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রিট শাখা ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।</p>

✓


বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
দেওয়ানী মোকদ্দমা (এস.এফ সংক্রান্ত) বিবরণী	কিছু কিছু রাজস্ব সার্কেল/উপজেলা ভূমি অফিস সমূহে বেশ কিছু এস.এফ এর জবাব পেভিং রয়েছে। এতে সরকারি স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার আশংকা দেখা দিতে পারে। এস.এফ-এর জবাব প্রস্তুতের সময় সি.এস/এস.এ/আর.এস ও সিটি জরীপসহ পর্যাপ্ত তথ্য সংকলন করে সরকারি স্বার্থ জড়িত আছে কি-না সেবিষয়ে সুস্পষ্ট মতামতসহ জমির শ্রেণী উল্লেখ করে পেভিং এসএফ এর জবাব দ্রুত প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়। এস.এফ প্রস্তুত পূর্বক প্রেরণের সময় বিভিন্ন রেকর্ডের কপি সহ সংশ্লিষ্ট গেজেটের কপি দেয়ার জন্যও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ জানানো হয়। এস.এফ এর জবাব দ্রুত প্রস্তুতের লক্ষ্যে সহকারী কমিশনার (ভূমি)গণের ব্যক্তিগত উদ্যোগের আশা প্রকাশ করা হয়। প্রতি মাসে কয়টি দেওয়ানী মামলা নিষ্পত্তি করা হয়েছে, তন্মধ্যে কয়টি সরকারের পক্ষে ও কয়টি সরকারের বিপক্ষে রায় হয়েছে, সরকারের বিপক্ষে রায় হওয়ার কারণ উল্লেখসহ এ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সুস্পষ্ট মতামতসহ জমির শ্রেণী উল্লেখ করে পেভিং এসএফ এর জবাব দ্রুত প্রেরণ করতে হবে এবং বিরোধী ভূমির তফসিল ও দখলীয় অবস্থার পূর্ণ বিবরণ উল্লেখ করতে হবে। ২। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার এসএফ এর জবাব ৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। এ বিষয়টি কাননুগো-গণ নিশ্চিত করবেন এবং সহকারী কমিশনার (ভূমি) গণ তদারকি করবেন। ৩। উচ্ছেদ মামলার জবাবসমূহ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রদানের সময় আইন এবং প্রবিধান যথাযথভাবে তুলে ধরতে হবে যাতে মামলার আদেশ সরকার পক্ষে হয়। ৪। সরকার পক্ষে দেওয়ানী মামলায় যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ স্বাক্ষর প্রদান করতে আসবেন, আদালত কর্তৃক কী সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, তা এ কার্যালয়ের আরএম শাখায় অবহিত করবেন এবং যিনি সাক্ষী প্রদান করতে আসবেন, আরএম শাখায় রক্ষিত রেজিস্টারে স্বাক্ষর প্রদান করে যাবেন। এছাড়াও যে মামলার হাজিরা প্রদান করা হবে উক্ত মামলার পরবর্তী ধার্য তারিখ রেজিস্টারে এন্ট্রি করতে হবে। ৫। এস.এফ এর দীর্ঘ দিন পেভিং না রেখে দ্রুত জবাব প্রেরণ করতে হবে। ৬। ভূমি মালিকগণের মধ্যে দায়েরকৃত মামলায় সরকারি স্বার্থ না থাকলেও ৭ (সাত) দিনের মধ্যে এসএফ এর জবাব প্রেরণ করতে হবে। সংলাগ ছক- ১৭	১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আরএম শাখা, ঢাকা ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা। ৩। কাননুগো (সকল)
		১। প্রতি মাসে কয়টি দেওয়ানী মামলা নিষ্পত্তি করা হয়েছে, তন্মধ্যে কয়টি সরকারের পক্ষে ও কয়টি সরকারের বিপক্ষে রায় হয়েছে, সরকারের বিপক্ষে রায় হওয়ার কারণ উল্লেখসহ এ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ২। দেওয়ানী মোকদ্দমার ছকে দীর্ঘ সময়ে অনিষ্পন্ন এসএফ এর কলাম রাখতে হবে। সংলাগ ছক- ১৭	১। বিজ্ঞ সরকারি কৌশলি (জিপি) ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আরএম শাখা

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ক) ভূমি অফিস নির্মাণ/মেরামত	উপজেলা পর্যায়ে প্রতি ইউনিয়নে একটি করে ইউনিয়ন ভূমি অফিস স্থাপন ও রাজস্ব সার্কেলের অধীন প্রয়োজনীয় সংখ্যক তহসিল অফিস স্থাপনের প্রস্তাবনা প্রেরণের আলোচনা হয়। প্রস্তাবিত নতুন ভূমি অফিস সৃষ্টির যে প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে তার জন্য এখনই জায়গা খুঁজতে হবে সেজন্য সরকারি খাস জায়গা পাওয়ার সাথে সাথে তা বীশ/টিন দিয়ে ঘর তৈরি করে/গাছ লাগিয়ে বেটন করে রাজস্ব আদায়ের নিমিত্ত অস্থায়ী ক্যাম্প স্থাপন করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করা হয়।	উত্তরখান ভূমি অফিস নির্মাণ কার্যক্রম বন্ধের ক্ষেত্রে সংশ্লিষ্ট মামলার সর্বশেষ তথ্য সংগ্রহের জন্য অত্র কার্যালয়ের রেভিনিউ মুন্সীখানা শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবগত করতে হবে। সংলাগ ছক: ১৮	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেভিনিউ মুন্সীখানা
খ) উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নতুন ভবন নির্মাণ সংক্রান্ত তথ্য		প্রয়োজনীয় সরকারি খাস জমি পাওয়া না গেলে প্রয়োজনে জমি অধিগ্রহণ করে ভূমি অফিসের প্রস্তাব দিতে হবে। সংলাগ ছক: ১৮	সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা
		প্রস্তাবিত ভূমি অফিসের বরাদ্দকৃত অর্থ দিয়ে বিধিবিধান অনুসরণ করত: ভূমি অফিস মেরামত/সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংলাগ ছক: ১৮	উপসহকারী প্রকৌশলী, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ও সংশ্লিষ্ট সকল

## বিবিধ আলোচনা:

- ০১। অফিস ব্যবস্থাপনা ও নথি সংরক্ষণের ক্ষেত্রে রাজস্ব শাখা এবং এর আওতাধীন সকল কার্যালয় সচিবালয় নির্দেশমালা-২০২৪ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার আলোচনা ও সিদ্ধান্ত হয়।
- ০২। সহকারী কমিশনার (ভূমি)-গণ নির্ধারিত প্রমাপ অনুযায়ী নিজস্ব অফিস ও আওতাধীন অফিস সমূহ পরিদর্শন করবেন।
- ০৩। যে সকল কার্যালয়ে সংশ্লিষ্ট মৌজা ম্যাপ সংরক্ষিত নেই, তাঁদের মৌজা ম্যাপ সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৪। একতরফা রায় ও ডিক্রির আলোকে রেকর্ড সংশোধনের আবেদন করা হলে উক্ত রায় ও ডিক্রির বিরুদ্ধে আপিল দায়েরের প্রয়োজনীয়তা থাকলে সহকারী কমিশনার (ভূমি) গণ কর্তৃক সর্বশেষ পরিপত্র মোতাবেক আপিল দায়েরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ০৫। স্থানীয় তদন্ত রেজিস্টার-১৪ আবশ্যিকভাবে সহকারী কমিশনার (ভূমি) 'র কার্যালয়ে ব্যবহার করতে হবে।
- ০৬। মহানগর রাজস্ব সার্কেল/উপজেলা ভূমি অফিসে কর্মরত কানুনগোগণকে সেবা-প্রত্যাশীদের সাথে বিনয়ী আচরণ করতে হবে।
- ০৭। আইনগত ভাবে কোন কাজ করার সুযোগ না থাকলে সে বিষয়ে সেবা-প্রত্যাশীকে বিনয়ের সাথে বুদ্ধিয়ে বলতে হবে।
- ০৮। সেবা-প্রত্যাশীদের সাথে অসৌজন্যমূলক আচরণ করলে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

